মেহেরপুরে নারী উদ্যোক্তাদের দক্ষতা ও আর্থিক সাক্ষরতা বৃদ্ধিতে কর্মশালা

মেহেরপুরে প্রান্তিক নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতা ও আর্থিক সাক্ষরতা বৃদ্ধিতে তিন দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) ও ব্র্যাক ব্যাংক যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে।

মঙ্গলবার সকালে জেলা পরিষদের হলরুমে কর্মশালার উদ্বোধন হয়। এতে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। উপস্থিত ছিলেন জেলা জাসাসের সদস্য সচিব এ বাকা বিল্লাহ।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন উইট ইনস্টিটিউটের প্রধান নির্বাহী নাজিব রাফে, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের প্রমি নাহিদ, বাড়ি বিক্রয় ডটকমের উদ্যোক্তা আরিফুল ইসলাম ও তানভীর আলম অভি।

কর্মশালায় জেলার বিভিন্ন এলাকার প্রায় ৩০ জন নারী উদ্যোক্তা অংশ নেন। ব্যবসা পরিচালনার কৌশল, আর্থিক ব্যবস্থাপনা, উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি ও আর্থিক সাক্ষরতার বিভিন্ন বিষয়ে তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

আমঝুপিতে আন্তর্জাতিক নির্মল বায়ু ও নীল আকাশ দিবস পালিত

“নির্মল বায়ু, সুস্থ জীবন ও সবুজ পরিবেশ”—এই প্রত্যয়ে মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক নির্মল বায়ু ও নীল আকাশ দিবস-২০২৬ পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার সকাল সাড়ে ১০টায় আমঝুপি ইউনিয়ন পরিষদের সামনে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওয়ার্ক বাংলাদেশ (জেটনেট-বিডি) ও একশনএইড বাংলাদেশ-এর সহযোগিতায় আয়োজিত মানববন্ধনে স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য দেন সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম, ব্র্যাকের মেহেরপুর জেলা সমন্বয়কারী মনিরুল ইসলাম এবং সোসাইটি ফর দ্য প্রমোশন অব হিউম্যান রাইটসের (SPHCR) নির্বাহী পরিচালক আবু আবিদ।

বক্তারা বলেন, মানুষের সুস্বাস্থ্য ও সুন্দরভাবে বেঁচে থাকার জন্য নির্মল বায়ু অত্যন্ত গুরুত্বপূর্ণ। বায়ুদূষণের কারণে শ্বাসকষ্ট, হৃদরোগ, ফুসফুসের বিভিন্ন জটিলতা ও ক্যান্সারসহ নানা ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি হচ্ছে। তাই বায়ুদূষণ রোধে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় পর্যায়ে সম্মিলিত উদ্যোগ প্রয়োজন।

তারা আরও বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বেশি করে গাছ লাগাতে হবে এবং গাছের পরিচর্যা ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি খোলা জায়গায় আবর্জনা ও প্লাস্টিক পোড়ানো বন্ধ করতে হবে। নির্মল বায়ু ও নীল আকাশ নিশ্চিত করতে সবাইকে পরিবেশ সংরক্ষণে সক্রিয়ভাবে এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা।

মানববন্ধন থেকে বায়ুদূষণ রোধ, বৃক্ষরোপণ বৃদ্ধি, প্লাস্টিক ও বর্জ্য পোড়ানো বন্ধ এবং পরিবেশবান্ধব জীবনযাপনের ওপর গুরুত্বারোপ করা হয়।

নতুন দায়িত্বে মেহেরপুর-১ আসনের এমপি তাজউদ্দিন খান

মেহেরপুর-১ (মেহেরপুর সদর-মুজিবনগর) আসনের সংসদ সদস্য মো. তাজউদ্দিন খান জাতীয় সংসদের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য নির্বাচিত হয়েছেন।
সম্প্রতি জাতীয় সংসদে বিভিন্ন মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটি

গঠন করা হলে তাঁকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব দেওয়া হয়।
নতুন এ দায়িত্ব পাওয়ায় মেহেরপুর-১ আসনের সংসদ সদস্যের সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের মধ্যে আনন্দ-উচ্ছ্বাস দেখা দিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছেন অনেকে।

মেহেরপুরে দিকনির্দেশনার অভাবে বিপাকে সবজি চাষিরা

মেহেরপুরের বিভিন্ন গ্রামে মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তাদের নিয়মিত দেখা মেলে না। ফলে ফসলের রোগবালাই, আধুনিক চাষাবাদ পদ্ধতি, সার ও কীটনাশকের সঠিক ব্যবহারসহ বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা থেকে বঞ্চিত হচ্ছেন কৃষক।

কৃষকদের অভিযোগ, এতে অনেক কৃষক এখনো প্রচলিত পদ্ধতিতে চাষাবাদ করতে বাধ্য হচ্ছেন বলে অভিযোগ করেছেন।

গতকাল সোমবার জেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন গ্রাম ঘুরে কৃষকদের সঙ্গে কথা বলে এসব অভিযোগের কথা জানা যায়।

শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে কলা, করলা, কাঁচা মরিচ, লাউ, শসা, শিম, আলুসহ বিভিন্ন ধরনের সবজি ও কৃষিপণ্য চাষ করা হয়।

কৃষকদের দাবি, মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তাদের নিয়মিত পরামর্শ ও আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা গেলে উৎপাদন বাড়ানোর পাশাপাশি কৃষকদের লোকসানও কমানো সম্ভব।

কলা চাষি তরিকুল ইসলাম বলেন, মেহেরপুরের অনেক কৃষক লাভের আশায় কলা চাষে আগ্রহী হয়েছেন। বর্তমানে কলাগাছে বিভিন্ন ধরনের রোগবালাই দেখা দিচ্ছে। অনেক গাছের পাতা শুকিয়ে যাচ্ছে। এসব সমস্যা সমাধানে কৃষি কর্মকর্তাদের মাঠপর্যায়ে এসে পরামর্শ দেওয়া প্রয়োজন হলেও নিয়মিত তাঁদের দেখা পাওয়া যায় না।

তিনি বলেন, “ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের কৃষি কর্মকর্তারা যদি মাঠে এসে আমাদের গাছের সমস্যা দেখে সঠিক পরামর্শ দিতেন, তাহলে

রোগবালাই দমন করে আরও ভালো ফলন ও মুনাফা অর্জন করা সম্ভব হতো।”

করলা চাষি আসাদুল মিয়া বলেন, “আমরা বাপ-দাদার আমল থেকে কৃষিকাজ করে আসছি। আমিও প্রায় ৩০-৩৫ বছর ধরে চাষাবাদের সঙ্গে জড়িত। কিন্তু এখনো আগের পদ্ধতিতেই চাষ করি। আধুনিক চাষাবাদ সম্পর্কে মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তাদের কাছ থেকে তেমন কোনো পরামর্শ পাই না।”

তিনি আরও বলেন, ফসল উৎপাদনের জন্য প্রয়োজনীয় পরিমাণ সার পাওয়া নিয়েও কৃষকদের সমস্যায় পড়তে হচ্ছে। কৃষি কর্মকর্তারা নিয়মিত মাঠে এসে কৃষকদের সমস্যা শুনে প্রয়োজনীয় নির্দেশনা দিলে চাষাবাদে আরও উন্নতি করা সম্ভব।

কাঁচা মরিচ চাষি নাজমুল আলী বলেন, কিছুদিন আগে কাঁচা মরিচের দাম তুলনামূলক বেশি থাকলেও বর্তমানে দাম কমেছে। এর মধ্যে মরিচ গাছে নতুন ধরনের রোগ দেখা দিয়েছে। গাছের কাণ্ডে ক্ষত ও পাতায় কুঁকড়ানো ভাব দেখা যাচ্ছে। কীভাবে এ রোগ দমন করবেন, তা বুঝতে পারছেন না তাঁরা।

তিনি বলেন, “কৃষি কর্মকর্তারা মাঠে এসে রোগটি দেখে কী ধরনের ব্যবস্থা নিতে হবে বা কোন কীটনাশক ব্যবহার করতে হবে, সে বিষয়ে পরামর্শ দিলে আমাদের অনেক উপকার হতো। কিন্তু আমাদের খোঁজখবর নিতে কোনো কর্মকর্তা মাঠে আসেন না।”

কৃষকদের অভিযোগের বিষয়ে মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা ইমদাদুল হাসান বলেন, কৃষকদের আধুনিক চাষাবাদ, সার ব্যবস্থাপনা এবং রোগ-পোকামাকড় দমনের বিষয়ে পরামর্শের জন্য তাঁর সঙ্গে অথবা সহকারী কৃষি কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করতে হবে। সহকারী কৃষি কর্মকর্তারা নিয়মিত মাঠে দায়িত্ব পালন করেন বলেও জানান তিনি।

তিনি বলেন, “মাঠপর্যায়ে আমাদের বর্তমানে বিভিন্ন কার্যক্রম নিয়ে অনেক কাজ রয়েছে। কৃষকরা অতিপ্রয়োজনে সংশ্লিষ্ট সহকারী কৃষি কর্মকর্তাদের সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন। তাঁরা প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা পাবেন।”

তবে কৃষকদের দাবি, শুধু ফোনে পরামর্শ নয়, ফসলের সমস্যা সরেজমিনে দেখে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা দিতে কৃষি কর্মকর্তাদের নিয়মিত মাঠপর্যায়ে উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।

নতুন দায়িত্বে গাংনীর এমপি নাজমুল হুদা

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মো. নাজমুল হুদা নৌ- পরিবহন মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য নির্বাচিত হয়েছেন।

বৃহস্পতিবার জাতীয় সংসদ অধিবেশনে এ-সংক্রান্ত কমিটি ঘোষণা করা হয়।

এ ছাড়া নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। পদাধিকারবলে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী কমিটির সদস্য হিসেবে থাকবেন।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন বরিশাল-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ রাজিব হাসান, বগুড়া-২ আসনের মোহাম্মদ হাফিজুর রহমান, শেরপুর-৩ আসনের মোহাম্মদ মাহমুদুল হক রুবেল, মাদারীপুর-৩ আসনের আনিসুর রহমান, শরীয়তপুর-১ আসনের সাঈদ আহমেদ, সংরক্ষিত মহিলা আসন-৩১ এর মোসাম্মদ সাজিদা ইয়াসমিন, মেহেরপুর-২ আসনের মোহাম্মদ নাজমুল হুদা এবং নোয়াখালী-৬ আসনের সংসদ সদস্য আব্দুল হান্নান মাসুদ।

গাংনীতে বিএনপির সমাবেশ স্থলের কাছে ৩টি টাইম বোমা বিষ্ফোরণ

মেহেরপুরের গাংনীতে তিনটি টাইম বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে।

রোববার বিকেল ৩টার দিকে গাংনী বাজারে হাসানের চায়ের দোকানের পাশে দুটি এবং বাঁশবাড়িয়া আনসার-ভিডিপি ক্লাবের ওপর একটি বোমা

বিস্ফোরণের ঘটনা ঘটে।

গাংনী বাজারের বোমা বিস্ফোরণের স্থান থেকে প্রায় ৫০ গজ দূরে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়। আর বাঁশবাড়িয়ার বিস্ফোরণস্থলের পাশেই বিএনপির জনসভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

গাংনী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমন জানান, আজ বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি রয়েছে। এ কারণে কয়েকজন নেতাকর্মীকে নিয়ে বিএনপি কার্যালয়ের কাছাকাছি একটি চায়ের দোকানের পাশে দাঁড়িয়ে ছিলেন। হঠাৎ বিকট শব্দে দুটি টাইম বোমা বিস্ফোরিত হয়। পরে ঘটনাস্থল থেকে ধোঁয়া উঠতে দেখা যায়।

এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। তবে বিস্ফোরণের ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করছে। বিএনপির কর্মসূচি বানচাল করার জন্য এ ঘটনা ঘটানো হয়ে থাকতে পারে বলে দাবি করেন তিনি।

স্থানীয়রা জানান, হঠাৎ বিকট শব্দে বিস্ফোরণের ঘটনা ঘটে। তাদের ধারণা, বিস্ফোরণস্থলের একটি গাছের মধ্যে টাইম বোমা রাখা হয়েছিল।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল বলেন, বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ আমাদের অনুষ্ঠান রয়েছে। আমরা বিএনপি কার্যালয়েই বসে ছিলাম। এ সময় হঠাৎ বিকট শব্দে টাইম বোমা বিস্ফোরিত হয়। আমরা সেখানে গিয়ে দেখি দুটি টিনের টুকরা ও ব্যাটারি পড়ে রয়েছে। আমাদের অনুষ্ঠান বানচাল করার জন্য কে বা কারা এগুলো রেখে গেছে, তা দ্রুত শনাক্ত করে দোষীদের আইনের আওতায় আনার জন্য প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছি।

গাংনী থানার তদন্ত কর্মকর্তা শিমুল কুমার দাস বলেন, সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। ঘটনাস্থল থেকে বিস্ফোরণের আলামত উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে। এর সঙ্গে যারা জড়িত, তাদের দ্রুত আইনের আওতায় আনা হবে।

তবে তিনি ক্যামেরার সামনে কথা বলতে রাজি হননি।

মেহেরপুরে জেলা বিএনপির বৃক্ষরোপণ কর্মসূচি

“বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সবার উপরে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল শনিবার (৫ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৫টার দিকে বিএনপির কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামে এ বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহসভাপতি আলমগীর খান ছাতু, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্যসচিব এ. বাকী বিল্লাহ এবং জেলা বিএনপির সাবেক সহসাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

এ সময় আরও উপস্থিত ছিলেন শহীদ জিয়া স্মৃতি সংসদের আহ্বায়ক আলিফ আরাফাত খান, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন এবং ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ওমর ফারুক।

কর্মসূচিতে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। এ সময় বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সারাদেশে পাঁচ কোটি গাছের চারা রোপণের কর্মসূচি নেওয়া হয়েছে। সেই কর্মসূচির অংশ হিসেবে গত ছয় মাসে সারাদেশে তিন কোটি গাছের চারা রোপণ করা হয়েছে বলে তিনি দাবি করেন।

তিনি আরও বলেন, পর্যায়ক্রমে আগামী তিন মাসের মধ্যে আরও তিন কোটি গাছের চারা রোপণের উদ্যোগ নেওয়া হবে। বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপণের মাধ্যমে দেশকে সবুজ-শ্যামলে ভরে তোলার পাশাপাশি কৃষকদের মধ্যেও চারা বিতরণ করা হচ্ছে। মেহেরপুরেও প্রতিদিন

বিভিন্ন এলাকায় বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি অব্যাহত থাকবে।

কর্মসূচিতে বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সৌদি আরবে দুর্ঘটনায় শয্যাশায়ী মেহেরপুরের সালাম

পরিবারের স্বচ্ছলতা ফেরানোর স্বপ্ন নিয়ে ১৪ মাস আগে সৌদি আরবে পাড়ি জমিয়েছিলেন মেহেরপুরের গাংনী উপজেলার রাজাপুর গ্রামের ২২ বছর বয়সী সালাম হোসেন। স্বপ্ন ছিল বিদেশে কাজ করে পরিবারের অভাব দূর করবেন, বাবা-মায়ের মুখে হাসি ফোটাবেন।

কিন্তু সেই স্বপ্নের পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা। এখন শয্যাশায়ী সালাম, আর ছেলের চিকিৎসা চালাতে গিয়ে নিঃস্ব হয়ে পড়েছে তার পরিবার।

চলতি বছরের ৭ মার্চ, রমজান মাসে রোজা রেখে সৌদি আরবে মোটরসাইকেলে পণ্য সরবরাহের কাজ করছিলেন সালাম। ইফতারের আর মাত্র পাঁচ মিনিট বাকি।

বৃষ্টিতে ভেজা সড়ক দিয়ে মোটরসাইকেলে যাওয়ার সময় হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের আইল্যান্ডে ধাক্কা লাগে। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হয়। সেখানে টানা সাত দিন কোমায় থাকার পর জ্ঞান ফেরে তার। তবে এরপর আর স্বাভাবিক জীবনে ফিরতে পারেননি তিনি।

সালামের বাবা জহুরুল ইসলাম জানান, একমাত্র ছেলে পরিবারের হাল ধরবে এই আশাতেই তাকে বিদেশে পাঠানোর সিদ্ধান্ত নেন তিনি।

প্রথমে ছেলেকে মালয়েশিয়ায় পাঠানোর জন্য এক দালালের মাধ্যমে প্রায় সাড়ে চার লাখ টাকা খরচ করেন। কিন্তু প্রতারণার শিকার হয়ে সেই টাকা হারাতে হয়।

এরপর আরও পাঁচ লাখ টাকা খরচ করে সালামকে সৌদি আরবে পাঠানো হয়।

পরিবার। ফলে চিকিৎসার পুরো চাপ এসে পড়েছে পরিবারের ওপর।

বর্তমানে বাড়িতে শয্যাশায়ী সালাম। চিকিৎসা চালিয়ে যেতে প্রয়োজন বিপুল অর্থ। কিন্তু সবকিছু হারিয়ে পরিবারের পক্ষে সেই ব্যয় বহন করা সম্ভব হচ্ছে না।

সালাম বলেন, “আমি আবার স্বাভাবিক জীবনে ফিরতে চাই। চিকিৎসার জন্য অনেক টাকা প্রয়োজন। পরিবারের পক্ষে এই খরচ বহন করা সম্ভব নয়। সমাজের বিত্তবানদের কাছে সহযোগিতা চাই।”

সালামের অসহায়ত্বের কথা জানতে পেরে স্থানীয়রাও নিজেদের সামর্থ্য অনুযায়ী পাশে দাঁড়িয়েছেন। স্থানীয়ভাবে এরই মধ্যে প্রায় ১০ হাজার টাকা সংগ্রহ করে পরিবারকে দেওয়া হয়েছে।

তবে দীর্ঘমেয়াদি চিকিৎসার তুলনায় এই অর্থ খুবই সামান্য। তাই সালামের চিকিৎসায় সমাজের বিত্তবান ও সামর্থ্যবান মানুষদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্থানীয়রা।

স্থানীয় এক ব্যক্তি বলেন, “আমরা নিজেদের সামর্থ্য অনুযায়ী সহযোগিতা করেছি। কিন্তু সালামের চিকিৎসায় আরও অনেক টাকা প্রয়োজন। সমাজের বিত্তবানরা এগিয়ে এলে ছেলেটা আবার সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরতে পারবে।”

যে বয়সে পরিবারের দায়িত্ব নেওয়ার কথা, সেই বয়সেই এখন বিছানায় পড়ে অন্যের সহযোগিতার অপেক্ষায় সালাম। পরিবারের ভাগ্য বদলাতে বিদেশে গিয়েছিলেন তিনি। অথচ একটি দুর্ঘটনা কেড়ে নিয়েছে তার স্বাভাবিক জীবন এবং বিপর্যস্ত করে দিয়েছে পুরো পরিবারকে।
ছেলেকে সুস্থ করতে গিয়ে শেষ সম্বলটুকুও হারিয়েছে পরিবারটি। এখন সালামের চিকিৎসা চালিয়ে যেতে প্রয়োজন মানুষের সহযোগিতা। সালামের চিকিৎসায় সহযোগিতা পাঠানো যাবে বিকাশ: ০১৭১০-৭৪৫৫২৯, জনতা ব্যাংক: ০১০০২৩৯০৬৭২৪১ এলপিসি, বামন্দী শাখা, গাংনী, মেহেরপুর।

সালামের পরিবারের আশা, সমাজের বিত্তবান ও সামর্থ্যবান মানুষগুলো পাশে দাঁড়ালে ২২ বছরের এই তরুণ আবারও স্বাভাবিক জীবনে ফিরতে পারবেন।

আহ্বায়ক রিদুওয়ানুল হক মুজাহিদ, সদস্য সচিব তাজমির ইসলাম

জাতীয় ছাত্রশক্তির মেহেরপুর জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। আগামী এক বছরের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

আহসান লাবিব, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় ছাত্রশক্তি এবং আবু বাকের মজুমদার, সাধারণ সম্পাদক, জাতীয় ছাত্রশক্তি স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়।

অনুমোদিত আংশিক আহ্বায়ক কমিটিতে আহ্বায়ক করা হয়েছে রিদুওয়ানুল হক মুজাহিদকে। সিনিয়র যুগ্ম আহ্বায়ক করা হয়েছে রাইহান কবিরকে। যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন ফারহানা তাসনিম।

এ ছাড়া সদস্য সচিব হিসেবে রয়েছেন মো. তাজমির ইসলাম, সিনিয়র যুগ্ম সদস্য সচিব আমিনুল ইসলাম সায়েম, যুগ্ম সদস্য সচিব সিনথিয়া ফারহান রিশা এবং মুখ্য সংগঠক মো. শাহারুল ইসলাম।

অনুমোদনপত্রে আগামী সাত কার্যদিবসের মধ্যে মেহেরপুর জেলা শাখার পূর্ণাঙ্গ কমিটি প্রকাশের নির্দেশ দেওয়া হয়েছে।

মেহেরপুরের টেংরামারি বাজারে মোবাইল কোর্ট অভিযান

মেহেরপুর সদর উপজেলার টেংরামারি বাজারে গোপন সংবাদের ভিত্তিতে একটি সারের দোকানে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। অভিযানে